“চুক্তিপত্র”

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি)-এ নিয়োজনের চুক্তিপত্র

.........................খ্রীঃ তারিখে এই নিয়োজন চুক্তিতে আবদ্ধ হইতেছেন অর্থাৎ চুক্তিটি সম্পাদন/নির্বাহ করা হইতেছে নিম্নবর্ণিত দুই পক্ষের মধ্যে ঃ

১। নিয়োজনকারী (EMPLOYER) (যাহার সহিত চুক্তিতে আবদ্ধ হইতেছেন) (১ম পক্ষ)
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি)
১, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
(পরবর্তীতে চুক্তিপত্রে EMPLOYER বলিয়া বর্ণিত ও অভিহিত)

২। নিয়োজনপ্রাপ্ত (EMPLOYEE) (যিনি চুক্তিতে আবদ্ধ হইতেছেন) (২য় পক্ষ)

নাম ঃ

পিতার নাম ঃ

মাতার নাম ঃ

স্থায়ী ঠিকানা ঃ

বর্তমান ঠিকানা ঃ

জাতীয় পরিচয় পত্র নম্বর ঃ

(পরবর্তীতে চুক্তিপত্রে EMPLOYEE বলিয়া বর্ণিত ও অভিহিত)

যেহেতু EMPLOYER, EMPLOYEE কে গত ....খ্রি. তারিখে Memo No: ...., Date:.................................এর মাধ্যমে ....পদে ১(এক) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসাবে নিয়োগ প্রদান করে এবং যেহেতু উক্ত শিক্ষানবীশকাল আগামী/গত .... খ্রি. তারিখে উত্তীর্ণ হইয়াছে এবং EMPLOYEE উক্ত শিক্ষানবীশকাল সাফল্যের সাথে সমাপ্ত করিয়াছেন এবং যেহেতু ডিপিডিসি সার্ভিস রুলস্ এর ধারা ৪.১১ অনুযায়ী এবং উপরোল্লিখিত নিয়োগপত্রের ধারা ....অনুযায়ী উক্ত EMPLOYEE কে ৩ (তিন) বৎসরের চুক্তিভিত্তিক নিয়োগদান প্রয়োজন, সেহেতু উপরে বর্ণিত পক্ষদ্বয় স্বতঃপ্রবৃত্ত হইয়া নিম্নবর্ণিত শর্তাবলীতে চুক্তি আবদ্ধ হইতেছেন।

চুক্তির শর্তাবলী ঃ

০১। এই চুক্তির মাধ্যমে ১ম পক্ষের অধীনে ২য় পক্ষকে .... পদে সর্বোচ্চ প্রবেশন পিরিয়ডসহ ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হইল। সংশ্লিষ্ট EMPLOYEE (২য় পক্ষ)- এ প্রকৃত যোগদানের তারিখ অর্থাৎ .... খ্রি. তারিখ হইতে কার্যকরী হইবে এবং নিয়োজনের মেয়াদ .... খ্রীঃ তারিখে উত্তীর্ণ হইবে।

০২। প্রথমত, ডিপিডিসি সার্ভিস রুলস্ EMPLOYEE এর চাকুরীর প্রধান শর্তাবলী হিসেবে বিবেচিত হইবে। অতঃপর এই চুক্তির ধারা এবং সর্বশেষে নিয়োগ পত্রে উল্লিখিত ধারাগুলি প্রযোজ্য বলে বিবেচিত হইবে। EMPLOYEE সার্ভিস রুলস্ এই চুক্তি এবং নিয়োগপত্রে উল্লিখিত শর্তাবলী সমভাবে মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

০৩। EMPLOYER (১ম পক্ষ) হইতে EMPLOYEE (২য় পক্ষ) ডিপিডিসি অনুমোদিত বেতন কাঠামো অনুযায়ী ....পদের জন্য নির্ধারিত হারে বেতন ভাতাদি প্রাপ্য হইবেন।

০৪। ডিপিডিসি'র চাকুরি বিধি ও অনুমোদিত বেতনকাঠামো ছাড়াও EMPLOYEE (২য় পক্ষ) EMPLOYER (১ম পক্ষ) হইতে সময়ে সময়ে জারীকৃত আর্থিক সুবিধাদি প্রাপ্য হইবেন (যদি কোন ব্যতিক্রম উল্লেখ না থাকে)।

০৫। EMPLOYER (১ম পক্ষ) কর্তৃক অফিস আদেশ বা প্রজ্ঞাপনের মাধ্যমে জারীকৃত নীতিমালা এবং ডিপিডিসি'র পরিচালনা পর্ষদ কর্তৃক ডিপিডিসি'র সার্ভিস রুলস্ এর যে কোন পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন EMPLOYEE (২য় পক্ষ) মানিয়া নিতে বাধ্য থাকিবেন।

০৬। EMPLOYER (১ম পক্ষ) কোম্পানীর কাজের স্বার্থে EMPLOYEE (২য় পক্ষ)-কে একই বেতন কাঠামোর আওতায় একই পদমর্যাদায় যে কোন বিভাগ/দপ্তরে নিযুক্ত করিতে পারিবেন এবং সময় সময় বিভিন্ন আইনগত আদেশ নির্দেশ দ্বারা EMPLOYEE (২য় পক্ষ) এর উপর যে কোন দায়িত্ব অর্পণ/প্রত্যাহার করিতে পারিবেন যাহা ২য় পক্ষ প্রতিপালন করিতে বাধ্য থাকিবেন।

০৭। চুক্তির মেয়াদান্তে সংশ্লিষ্ট EMPLOYEE (২য় পক্ষ) এর কর্মমূল্যায়ন সন্তোষজনক হইলে পরেই EMPLOYER (১ম পক্ষ) তাহার চাকুরির মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে বিবেচনা করাসহ নতুন মেয়াদে EMPLOYMENT CONTRACT করিতে পারিবেন।

০৮। EMPLOYEE (২য় পক্ষ) গ্রাহক সেবা'র মানকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করিবেন এবং গ্রাহক সেবার মান সমুন্নত রাখিতে সর্বদা সচেষ্ট থাকিবেন। গ্রাহক হয়রানি হয় এমন কোন কাজে EMPLOYEE (২য় পক্ষ) কখনও লিপ্ত হইবেন না।

০৯। EMPLOYEE (২য় পক্ষ) কোম্পানীর স্বার্থে হানিকর কিংবা সরকার বা রাষ্ট্রবিরোধী কোন প্রকার কর্মকান্ডে জড়িত থাকিবেন না।

১০। EMPLOYEE (২য় পক্ষ) কোম্পানীর নিরাপত্তা বজায় রাখার স্বার্থে সাধ্যমত চেষ্টা করিবেন এবং কোম্পানীতে কোন ধরণের বিশৃঙ্খলা, অপরাধ, চুরি, জালিয়াতি ইত্যাদি প্রত্যক্ষ করিলে তাহা EMPLOYER (১ম পক্ষ)- এর সংশ্লিষ্ট দপ্তরে রিপোর্ট করিতে এবং বিভাগীয় শৃঙ্খলামূলক কর্মকান্ডের সময় সাক্ষ্য প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১১। EMPLOYEE (২য় পক্ষ) কোম্পানী (১ম পক্ষ) দ্বারা নিয়োগপ্রাপ্ত থাকা অবস্থায় Work Hour -এ কোম্পানীর স্বার্থ ব্যতীত অন্য কোন কাজে তাহার সময়, মেধা, দক্ষতা ব্যয় করিবেন না এবং কোম্পানী হইতে অর্জিত কোন মেধা, দক্ষতা কোম্পানীর সহিত ব্যবসায়িক সম্পর্ক আছে অথবা কোম্পানীর সহিত প্রতিদ্বন্দ্বী হউক বা না হউক সম্পর্কহীন এমন কোন প্রতিষ্ঠানে ব্যয়/নির্বাহ করিবেন না।

১২। EMPLOYEE (২য় পক্ষ) কোম্পানীর (১ম পক্ষ) অধীনে চাকুরি করার পরিপ্রেক্ষিতে কোম্পানীর যে সমস্ত তথ্য সম্পর্কে অবহিত হইবেন তাহা অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান এর নিকট অনুমতি ব্যতিরেকে কোনরূপ প্রকাশ করিতে পারিবেন না।

১৩। কোন কারণে EMPLOYER (১ম পক্ষ)- এর ব্যবসা/কার্যক্রম অনিবার্য কারণে স্থগিত, বাতিল Winding up, Liquidate করা হইলে এই চুক্তিনামার কার্যকারিতা তদ্সঙ্গে স্থগিত বলিয়া গণ্য হইবে।

১৪। EMPLOYEE (২য় পক্ষ) EMPLOYER (১ম পক্ষ)-এর অনুমতি ব্যতিরেকে কোম্পানীর পক্ষে কোন চুক্তিতে আবদ্ধ হইতে পারিবেন না।

১৫। EMPLOYEE (২য় পক্ষ) চাকুরি পরিত্যাগ করিলে বা চাকুরি হারাইলে বা চুক্তি বাতিল করা হইলে তাহাকে কোম্পানী হইতে গৃহীত সফটওয়্যার, ম্যানুয়ালস, রেকর্ডস, গোপনীয় রেকর্ডস, ট্রেনিং ম্যানুয়ালস ইত্যাদিসহ কোম্পানীর (১ম পক্ষ) যাবতীয় সম্পদ, যাহা কাজের পরিধিতে গ্রহণ করিয়াছিলেন, তাহা ফেরত দিতে হইবে। তাহা ছাড়া কোম্পানীর (১ম পক্ষ) সম্পদের আর্থিক ক্ষতি করা হইলে তাহা আদায়ের ক্ষমতা কোম্পানী (১ম পক্ষ) সংরক্ষণ করেন।

১৬। এই চুক্তিনামা অবশ্য পালনীয় হইবে EMPLOYER (১ম পক্ষ) ও EMPLOYEE (২য় পক্ষ) এর জন্য এবং তাহাদের উত্তরাধিকারী তথা আইনী প্রতিনিধির জন্য।

১৭। এই চুক্তিনামা এবং এর অধীনে কৃত কাজ বাংলাদেশের আইনের অধীনে কৃত এবং বিচারযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

১৮। যে কোনপক্ষ DPDC সার্ভিস রুলস্ ও অন্যান্য শর্তাবলী যথাযথভাবে প্রতিপালনে ব্যর্থ হইলে বিধি মোতাবেক অপর পক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

১৯। এই চুক্তিনামা ডিপিডিসি সার্ভিস রুলস্ অনুযায়ী পরিবর্তন বা বাতিল করার অধিকার EMPLOYER (১ম পক্ষ) সংরক্ষণ করেন।

EMPLOYER (১ম পক্ষ) এবং EMPLOYEE (২য় পক্ষ) চুক্তিনামা পড়িয়া, অবহিত হইয়া নিজ ইচ্ছায় কোন রূপ ভয়-ভীতি, প্ররোচনা ছাড়াই সুস্থ মস্তিস্কে চুক্তি স্বাক্ষর করিতেছে এবং অদ্য .... খ্রি. তারিখ ঢাকা, বাংলাদেশে উভয়ের সম্মতিতে চুক্তি স্বাক্ষর করা হইল।

EMPLOYER (১ম পক্ষ)	EMPLOYEE (২য় পক্ষ)
স্বাক্ষর ঃ -------------------------------	স্বাক্ষর ঃ -----------------------------
(COMPANY SECRETARY, DPDC)	(সংশ্লিষ্ট EMPLOYEE)
স্বাক্ষী ঃ -------------------	স্বাক্ষী ঃ -------------------
DGM, EMPLOYEE RELATIONS, DPDC	(সংশ্লিষ্ট দপ্তর প্রধান)